দৈনিক ইত্তেফাক

24 AUG 2016

# উপজেলায় ভালো করেছে যেসব কলেজ

**এইচএসসি পরীক্ষা ২০১৬**

সদ্য প্রকাশিত এবারের উচ্চমাধ্যমিক ও সমমানের পরীক্ষায় বিভিন্ন উপজেলা পর্যায়ে যেসব কলেজ ফলাফলে শীর্ষে রয়েছে তাদের সংবাদ পাঠিয়েছেন ইত্তেফাক সংবাদদাতারা।

**পাঁচবিবি (জয়পুরহাট) উপজেলায় সড়াইল কলেজ শীর্ষে:** জয়পুরহাটের পাঁচবিবিতে এবার এইচএসসি পরীক্ষার ফলাফলে সড়াইল আদর্শ কলেজ শীর্ষে রয়েছে। সড়াইল আদর্শ কলেজ থেকে ৯১ জনের মধ্যে ৬৬ জন পাস করেন। পাসের হার শতকরা ৬৬.৬৭ ভাগ।

উপজেলায় গড় পাসের হার শতকরা ৫৩.৩৪ ভাগ। চারজন জিপিএ-৫ পেয়েছে।

**পোরশা (নওগাঁ) উপজেলায় কারিগরি বোর্ডে কড়িদহ কলেজ জেলার শীর্ষে :** এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে কারিগরি বোর্ডে নওগাঁ জেলার শীর্ষে রয়েছে কড়িদহ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ। এ কলেজ থেকে ৯৮ জন শিক্ষার্থী এইচএসসি (বিএম) পরীক্ষায় অংশ নিয়ে ৯২ জন শিক্ষার্থী পাস করেছে। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫৪ জন ছাত্র-ছাত্রী। এ কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম জানান, শিক্ষার্থীদের নিয়মিত পাঠদান ও আন্তরিক প্রচেষ্টার কারণে ভালো ফলাফল করা সম্ভব হয়েছে।

**ঝালকাঠিতে এনএস কামিল মাদ্রাসা শীর্ষে :** এবার আলিম পরীক্ষার ফলাফলে মাদ্রাসা বোর্ডে ঝালকাঠি এনএস কামিল মাদ্রাসা শীর্ষ স্থান অর্জন করেছে। এ মাদ্রাসা থেকে এ বছর আলিম পরীক্ষায় ২৬৬ জন ছাত্র অংশগ্রহণ করে ১৫৭ জন জিপিএ-৫ পেয়েছে। বাকি সবাই এ গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে।

**মহেশপুর (ঝিনাইদহ) উপজেলায় শামসুল হুদা কলেজ শীর্ষে :** এবার এইচএসসি পরীক্ষায় মহেশপুর উপজেলার কলেজগুলোর মধ্যে শামছুল হুদা কলেজের পরীক্ষার্থীদের সবাই পাস করে এবং কলেজের ছয়জন জিপিএ-৫ পেয়ে শীর্ষে রয়েছে। উপজেলার ৯টি কলেজে এবার এইচএসসিতে জিপিএ-৫ পেয়েছে ৭৩ জন শিক্ষার্থী।

**মনিরামপুর (যশোর) উপজেলায় মহিলা কলেজ শীর্ষে :** এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে মনিরামপুর সম্মিলনী ডিগ্রি কলেজ পাসের হারে উপজেলার মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। কৃতকার্য ও জিপিএ-৫ প্রাপ্তির ভিত্তিতে শীর্ষস্থান লাভ করেছে মনিরামপুর মহিলা কলেজ। সম্মিলনী কলেজ থেকে ২১০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ১৯৬ জন কৃতকার্য হয়েছে এবং জিপিএ-৫ পেয়েছে ৪ জন। অপরদিকে মনিরামপুর মহিলা কলেজ থেকে ৩৮১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ৩১৮ জন উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ-৫ পেয়েছে ১৫ জন। পাসের হার ৮৩.৪৬ শতাংশ।

**দুমকি (পটুয়াখালী) উপজেলায় শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ:** পটুয়াখালীর দুমকি উপজেলায় এবার এইচএসসি পরীক্ষায় ৯৩২ জনের মধ্যে ৬৪৯ জন, এইচএসসি (বিএম) ২৫৯ জনের মধ্যে ১২৭ জন, আলিম কেন্দ্রে ২১৬ জনের মধ্যে ১৮৮ জন পরীক্ষার্থী কৃতকার্য হয়। দুমকি উপজেলায় এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে সর্বমোট ৩১ জন জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে দুমকি জনতা কলেজ (সাধারণ শিক্ষায়), দুমকি টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট মহিলা কলেজ (বিএম শাখায়) ও পাংগাশিয়া নেছারিয়া কামিল মাদ্রাসা শিক্ষার্থীরা ফলাফলের ভিত্তিতে দুমকি উপজেলায় শীর্ষ স্থান অধিকার করেছে বলে জানা যায়।